



নিয়োগ বিজ্ঞপ্তি

উপ-ব্যবস্থাপক- পরিবীক্ষণ

পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এর অর্থায়নে আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচির আওতায় কিশোরগঞ্জ জেলার প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে উপ-ব্যবস্থাপক পরিবীক্ষণ পদে কাজ করতে আগ্রহী যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্পের মেয়াদকাল- জুন ৩০, ২০২৩ পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী হতে হবে। গ্রাম বা শহর এলাকায় শিক্ষা কর্মসূচিতে পরিবীক্ষণে কমপক্ষে ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আনুষ্ঠানিক/উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচির ওপর তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও মূল্যায়নের অভিজ্ঞতাসহ ও অন্যান্য উন্নয়ন সহযোগী সংগঠন ও অংশীজনদের সাথে সমন্বয়ের অভিজ্ঞতা থাকতে হবে। বিদ্যালয় বহির্ভূত শিশুদেও শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে সরাসরি কাজের অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। প্রার্থীকে কম্পিউটাতেও কাজ করার দক্ষতা থাকতে হবে এবং বাংলা ও ইংরেজিতে প্রতিবেদনে প্রস্তুতের দক্ষতা থাকতে হবে।

দায়িত্ব ও কর্তব্যঃ

- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর নির্দেশনা অনুযায়ী মনিটরিং ও মূল্যায়নের পরিকল্পনা প্রণয়ন এবং মনিটরিং টুলস প্রস্তুতকরণ
- মাঠকর্মীদেরকে কর্মপরিকল্পনা অনুযায়ী নিয়মিত ও প্রয়োজন অনুযায়ী উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় মনিটরিং ও মূল্যায়নের দিক নির্দেশনা প্রদান এবং নিয়মিত প্রতিবেদন প্রস্তুতকরণ ও যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতকরণ
- থানা/উপজেলা কর্মকর্তা ও সুপারভাইজারগণের সাথে নিয়মিত যোগাযোগ ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠানের মাধ্যমে কার্যক্রমের সঠিক ও সময়ভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি নিশ্চিতকরণ।
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মনিটরিং শাখা এবং জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাথে নিয়মিত যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত তথ্য উপাত্ত হাল নাগাদকরণ।
- বিদ্যালয় বহির্ভূত শিশু জরিপ, শিক্ষার্থী ভর্তি, উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় মনিটরিং ও মূল্যায়ন ইত্যাদি বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে অনুষ্ঠিত বিভিন্ন সার্ভে/সমীক্ষা ও মূল্যায়ন পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা প্রদান
- মনিটরিং এর লক্ষ্য অর্জনে কর্মীগণের পারদর্শিতা বৃদ্ধিতে বিভিন্ন প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন আয়োজন;
- মাসে কমপক্ষে ৪৫টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন এবং সকল স্তরের কর্মীদের নিয়মিত মনিটরিং প্রতিবেদন সংগ্রহ, কম্পাইলেশন ও বিশ্লেষণ পূর্বক একটি সমন্বিত মাসিক মনিটরিং প্রতিবেদন প্রস্তুতকরণ এবং কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিতকরণ।

বেতন : ৪০,০০০-৫০,০০০/-টাকা। এছাড়াও কর্মসূচি নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা প্রাপ্য হবেন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২০/০১/২০২৪ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপল্‌স ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতে পারেন: hr@popibd.org। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”

web: www.popibd.org